দৈনিক
ইত্তেফাক

তারিখ 15 JUL 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# বিদেশি শিক্ষক-শিক্ষার্থীদের তালিকা চেয়েছে ইউজিসি

## নর্থ সাউথ ক্যাম্পাসে প্রতিনিধি দল

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নর্থ সাউথ ইউনিভার্সিটি পরিদর্শন করেছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) একটি তদন্ত দল। গতকাল বৃহস্পতিবার ওই তদন্তকারী দলের সদস্যরা প্রায় চার ঘণ্টা রাজধানীর বারিধারায় অবস্থিত বিশ্ববিদ্যালয়টির নিজস্ব ক্যাম্পাসে গিয়ে উপাচার্য, শিক্ষক ও ছাত্রদের সঙ্গে কথা বলেন। শিক্ষা প্রতিষ্ঠানটির সকল বিদেশি শিক্ষক ও শিক্ষার্থীদের তালিকা চেয়েছেন তারা। এক সপ্তাহের মধ্যে তদন্ত কমিটির কাছে তা পাঠিয়ে দেওয়ার আশ্বাস দিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তদন্ত শেষে মঞ্জুরি কমিশনের চেয়ারম্যানের কাছে প্রতিবেদনে দাখিল করা হবে বলে জানা গেছে। সম্প্রতি দেশের কয়েকটি স্থানে জঙ্গি হামলায় বিশ্ববিদ্যালয়টির কয়েকজন শিক্ষার্থীর নাম আসার প্রেক্ষাপটে মঞ্জুরি কমিশনের তদন্ত দল এই তদন্ত কার্যক্রম পরিচালনা করে।

প্রতিনিধি দলে ছিলেন ইউজিসি'র সদস্য অধ্যাপক দিল আফরোজা বেগম ও অধ্যাপক শাহনেওয়াজ আলী, বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিটের উপ-পরিচালক জেসমিন পারভীন ও সিনিয়র সহকারী পরিচালক বিষ্ণু মল্লিক। প্রতিনিধি দলের সদস্যরা জানান, এটি রুটিন ভিজিট হলেও সাম্প্রতিক জঙ্গি হামলা নিয়ে বিশ্ববিদ্যালয়ের একাধিক শিক্ষক-শিক্ষার্থীর সঙ্গে আলোচনা করেছেন। যে সকল শিক্ষার্থী জঙ্গি কর্মকাণ্ডের সঙ্গে জড়িত ছিলেন তাদের সহপাঠীদের সঙ্গেও কথা হয়। অনিয়মিত ও সন্দেহভাজন কিছু শিক্ষার্থীর তথ্য নিয়েছে তদন্ত কমিটি। পাশাপাশি বর্তমানে দায়িত্বরত পার্টটাইম ও ফুলটাইম শিক্ষকদের তথ্যও সংগ্রহ করেছে তদন্ত দল। তদন্ত দল বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসহ বিভিন্ন স্থান ও একাধিক অনুষদ পরিদর্শন করে।

তদন্ত দলের প্রধান অধ্যাপক দিল আফরোজা বেগম বলেন, গত ১ জুলাই গুলশানে যে অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটল, সেখানে তাদের ছাত্রের নাম এসেছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা হয়েছে। পৃষ্ঠা ২ কলাম ৬

## বিদেশি শিক্ষক-শিক্ষার্থীদের

২০ পৃষ্ঠার পর

ভবিষ্যতের করণীয় জানতে চাওয়া হয়েছে।

পরে নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য আতিকুল ইসলাম সাংবাদিকদের বলেন, ওনারা (তদন্ত দল) এ (জঙ্গিবাদ) ব্যাপারে কোনো কিছু জিজ্ঞাসা করেননি। শিক্ষার্থীদের জঙ্গিবাদে জড়িত হওয়ার জন্য দায় কেবল নর্থ সাউথের একার নয় মন্তব্য করে তিনি বলেন, "সে বাড়িতে কী করছে, দরজা বন্ধ করে ল্যাপটপে কী দেখছে, কোন কোন সাইট ভিজিট করছে, তার বন্ধু-বান্ধব কারা, কোন মসজিদে নামাজ পড়ছে, কোন ইনফরমাল গ্রুপে কার সঙ্গে কোথায় বসছে- সব দেখা সম্ভব নয়। তবে সরকারকে সব ধরনের সহায়তা দেওয়া হবে বলে জানান তিনি।